উদ্দীপন

UDDIPAN

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশের শীর্ষস্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা "উদ্দীপন" এ নিম্নলিখিত পদে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

১) সিনিয়র প্রোগ্রাম অফিসার ও ব্র্যাঞ্চ ম্যানেজার - লেভেল ৬ষ্ঠ (ক্ষুদ্র ঋণ কর্মসূচী) - ৭৫ জন

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর পাশ এবং বয়স সর্বোচ্চ ৩৫ বছর। সুপ্রতিষ্ঠিত জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠানে "সঞ্চয় ও ঋণ কার্যক্রমে" কমপক্ষে (২-৪) বছর শাখা ব্যবস্থাপক হিসেবে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন-ভাতাঃ মাসিক ১৮,২৭০ টাকা, এর সাথে প্রতি মাসে মোটর সাইকেল ভাতা ২,১০০ টাকা, দায়িত্বভার ভাতা ৪৫০ টাকা এবং মোবাইল বিল ৩০০ টাকার সুবিধা রয়েছে। এ ছাড়াও সংস্থার মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী অন্যান্য ভাতা এবং সুযোগ সুবিধাদি যেমন–বাৎসরিক ইনক্রিমেন্ট, বাৎসরিক মুদ্রাস্ফিতি সমন্বয়, বাৎসরিক ২টি উৎসব বোনাস, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, কর্মী কল্যাণ তহবিল সুবিধা, দূরত্ব ভাতা এবং ফ্রি বাসস্থান (মেট্রোপলিটন এলাকার বাহিরে কর্মরত কর্মীদের জন্য) প্রভৃতি পাবেন।

২) প্রোগ্রাম অফিসার - লেভেল ৫ম (ক্ষুদ্র ঋণ কর্মসূচী) - ১০০ জন

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ যে কোন বিষয়ে স্নাতকোত্তর পাশ এবং বয়স সর্বোচ্চ ৩২ বছর। অভিজ্ঞতা প্রয়োজন নেই, তবে প্রোগ্রাম অফিসার হিসেবে ২/৩ বছর মাঠ পর্যায়ে দরিদ্র জনগণের সাথে ক্ষুদ্র ঋণ বিতরণ, সঞ্চয় আদায়, দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিভিন্ন সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক কার্যক্রম পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর বেতন বিবেচনা করা হবে।

বেতন-ভাতাঃ মাসিক ১২,৮৯৯ টাকা, এর সাথে সংস্থার মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী অন্যান্য ভাতা এবং সুযোগ সুবিধাদি যেমন – বাৎসরিক ইনক্রিমেন্ট, বাৎসরিক মুদ্রাস্ফিতি সমন্বয়, বাৎসরিক ২টি উৎসব বোনাস, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, কর্মী কল্যাণ তহবিল সুবিধা, দূরত্ব ভাতা এবং ফ্রি বাসস্থান (শুধু মেট্রোপলিটন এলাকার বাহিরে কর্মরত কর্মীদের জন্য) প্রভৃতি পাবেন।

৩) ফার্ষ্ট প্রোগ্রাম অফিসার ও ব্র্যাঞ্চ একাউনটেন্ট - লেভেল ৪র্থ (অর্থ ও হিসাব) - ১০০ জন

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ স্নাতক (বানিজ্য) পাশ এবং বয়স সর্বোচ্চ ৩২ বছর। অভিজ্ঞতা প্রয়োজন নেই, তবে প্রার্থীকে অবশ্যই কম্পিউটারে এমএস ওয়ার্ড ও এক্সেলে কাজের দক্ষতা থাকতে হবে এবং দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করার মানসিকতা থাকতে হবে।

বেতন-ভাতাঃ মাসিক ১১,১২৪ টাকা, এর সাথে প্রতি মাসে সংস্থার মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী অন্যান্য ভাতা এবং সুযোগ সুবিধাদি যেমন – বাৎসরিক ইনক্রিমেন্ট, বাৎসরিক মুদ্রাস্ফিতি সমন্বয়, বাৎসরিক ২টি উৎসব বোনাস, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, কর্মী কল্যাণ তহবিল সুবিধা, দূরত্ব ভাতা এবং ফ্রি বাসস্থান (শুধু মেট্রোপলিটন এলাকার বাহিরে কর্মরত কর্মীদের জন্য) প্রভৃতি পাবেন।

৪) ফার্স্ট ক্রেডিট অফিসার - লেভেল ১ (ক্ষুদ্র ঋণ কর্মসূচী) - ২০০ জন

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ এইচএসসি/ সমমান পাশ এবং বয়স অনুর্দ্ধ ২৫ বছর হতে হবে তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত শীথিলযোগ্য। অভিজ্ঞতা প্রয়োজন নেই, তবে মাঠ পর্যায়ে দরিদ্র জনগণকে উদ্বুদ্ধ ও সংগঠিত করা, তাদের মাঝে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা, ক্ষুদ্র ঋণ বিতরণ ও আদায় করা, এছাড়াও দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিভিন্ন সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক কার্যক্রম পরিচালনায় অংশগ্রহন করার মানসিকতা থাকতে হবে।

বেতন-ভাতাঃ মাসিক ১০,০৯৮ টাকা, এর সাথে প্রতি মাসে সংস্থার মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী অন্যান্য ভাতা এবং সুযোগ সুবিধাদি যেমন – বাৎসরিক ইনক্রিমেন্ট, বাৎসরিক মুদ্রাস্ফিতি সমন্বয়, বাৎসরিক ২টি উৎসব বোনাস, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, কর্মী কল্যাণ তহবিল সুবিধা, দূরত্ব ভাতা এবং ফ্রি বাসস্থান (শুধু মেট্রোপলিটন এলাকার বাহিরে কর্মরত কর্মীদের জন্য) প্রভৃতি পাবেন।

নিম্নলিখিত বিষয়গুলো লক্ষ্যণীয় -

১) **কর্মস্থলঃ** সকল পদের কর্মস্থল উদ্দীপনের কর্মএলাকা বাংলাদেশের যে কোন জেলা/উপজেলায়।

২) সংস্থার প্রয়োজনে আবেদনকারীর সাথে সরাসরি এবং তাৎক্ষণিকভাবে যোগাযোগ করার জন্য সঠিক মোবাইল নম্বর ও যোগাযোগের ঠিকানা দরখাস্তে অবশ্যই উল্লেখ করতে হবে।

৩) খামের উপর অবশ্যই পদের নাম এবং ৪নং পদের জন্য প্রার্থী যে এলাকায় (ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, নোয়াখালী, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, কুষ্টিয়া, বগুড়া, সুনামগঞ্জ, রাজশাহী, চাঁদপুর, যশোর এবং রংপুর) পরীক্ষা দিতে ইচ্ছুক লিখতে হবে।

৪) আবেদনপত্রের সাথে ২০০/- টাকার ব্যাংক ড্রাফ্‌ট /পে-অর্ডার/পোষ্টাল অর্ডার (অফেরতযোগ্য) "উদ্দীপন" এর অনুকূলে জমা দিতে হবে।

৫) আবেদনকারীকে ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ২ জন পরিচয় দানকারী ব্যক্তির নাম, যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর উল্লেখসহ **উপ-পরিচালক ও প্রধান, মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, উদ্দীপন - প্রধান কার্যালয়, বাড়ী নং- ৯, রোড নং-০১, ব্লক-এফ, জনতা কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, রিং রোড, আদাবর, ঢাকা - ১২০৭** বরাবর **২৭/০৮/২০১৬ ইং** তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

৬) অধিকতর অভিজ্ঞতা ও যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর বেতন, শিক্ষাগত যোগ্যতা ও বয়স বিবেচনা করা হবে।

৭) প্রার্থীকে অবশ্যই সৎ, নিষ্ঠাবান, আন্তরিক এবং কঠোর পরিশ্রমের মাধ্যমে ক্যারিয়ার গঠনে আন্তরিক হতে হবে।

৮) শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

বিঃ দ্রঃ উদ্দীপন জাতীয় পর্যায়ের একটি ক্রমবিকাশমান উন্নয়ন সংস্থা বিধায় আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমে ক্যারিয়ার গঠনে আগ্রহী যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণের সুবিধার্থে উল্লেখিত পদসমূহে একই ঠিকানায় সারা বছরব্যাপি আবেদন গ্রহণ করা হবে।